দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN 1 1 1999
পৃষ্ঠা ৯ কলাম ৫ ...

১৩

# ১৬টি জেলার ৮ হাজার গ্রামে প্রাথমিক বিদ্যালয় নাই

রংপুর সংবাদদাতা ॥ রাজশাহী বিভাগের ১৬টি জেলায় ২৫ হাজার ৪ শত ১৫টি গ্রামের মধ্যে ৮ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। ফলে ৫ লক্ষাধিক শিশু প্রাথমিক শিক্ষার সুযোগ হইতে বঞ্চিত হইতেছে। রংপুর জেলার ৮টি থানার ৫ শত ৫টি, নীলফানারী জেলার ৬টি থানার ১০টি, কুড়িগ্রাম জেলার ৯টি থানার ১৮৫টি, লালমনিহাট জেলার ৫টি থানার ৪৩টি গাইবান্ধা জেলার কয়েকশত জয়পুরহাট জেলার ৮০টি, বগুড়া জেলার ১১টি থানার ১ হাজার ৭৫টি, সিরাজগঞ্জ জেলার ৯টি থানার ৩২৬টি, পাবনা জেলার ৯টি থানার ১ শত ৭৯টি, দিনাজপুর জেলার ১৩টি থানার ২ শত ২৮টি, পঞ্চগড় জেলার ৫টি থানার ৩ শত ২১টি, ঠাকুরগাঁও, জেলার ৫টি থানার ৬ শত ৮৫টি, নাটোর জেলার ৬টি থানার ২ শত ১টি, রাজশাহী জেলার ১৩টি থানার ১৪৫টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নাই। চাঁপাইনবাবগঞ্জ জেলার ৯০ হাজার, লালমনিরহাট জেলার ৬২ হাজার, গাইবান্ধা জেলার ১৫ হাজার, নীলফামারী জেলার ৩২ হাজার শিশু শিক্ষার আলো হইতে বঞ্চিত হইতেছে।